ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৪৯

সোনামুড়া, ২১ আগস্ট, ২০২৫

**রেশমচাষীদের নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠান**

সম্প্রতি নলছড় রেশম ব্লকে 'মেরা রেশম মেরা অভিমান'-এর আওতায় রেশম চাষীদের নিয়ে এক সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত হয়। সেন্ট্রাল সিল্ক বোর্ড এবং রাজ্য রেশম চাষ বিভাগের যৌথ উদ্যোগ আয়োজিত অনুষ্ঠানে নতুন তুঁতের জাত, তুঁত গাছে সার প্রয়োগ, উন্নত রেশম পোকার লালন-পালনের কৌশল, মাটির নমুনা সংগ্রহের কৌশল সহ তুঁত নার্সারী ও চাষ পদ্ধতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন সেন্ট্রাল সিল্ক বোর্ডের বহরমপুরস্থিত সেন্ট্রাল সেরিকালচারেল রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউটের বিজ্ঞানী ড. ওয়াই নাগারাজু। এছাড়াও এই সংক্রান্ত বিষয় নিয়ে অনুষ্ঠানে আলোচনা করেন সিপাহীজলা জেলার জেলা রেশম চাষ বিভাগের ডেভেলপমেন্ট অফিসার হিমানী দেববর্মা। সিপাহীজলা জেলার বিভিন্ন প্রান্ত থেকে ৩৬ জন তুঁত ও রেশমচাষীগণ এই সচেতনামূলক অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।

*****